তারিখ 17 APR 2016
পৃষ্ঠা ২৩ কলাম

# অ্যাজিওট্রপি | সাফল্য পেল বুয়েট

**জাহিদ খান**

ভারতের আইআইটির কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং অ্যাসোসিয়েশন ১২ ও ১৩ মার্চ আয়োজন করেছিল বার্ষিক সিম্পোজিয়াম-অ্যাজিওট্রপি ২০১৬। এই প্রতিযোগিতা মূলত কেমিকৌশল বিভাগের শিক্ষার্থীদের জন্য। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নয় শিক্ষার্থী অংশ নিয়ে জিতে নেন চারটি সম্মানজনক পুরস্কার। সেই সাথে ফিরেছেন 'সেরা বিশ্ববিদ্যালয়ের' খেতাব নিয়ে।

অ্যাজিওট্রপি এই উপমহাদেশের কেমিকৌশলের শিক্ষার্থীদের মিলন মেলা। একই ছাদের তলায় কেমিকৌশলীদের দক্ষতার পরীক্ষা হয়ে যায়। ভারতের প্রকৌশল বিশ্ববিদ্যালয়সহ সিঙ্গাপুর ও বাংলাদেশের তিন শতাধিক দল অংশ নেয় এবারের সিম্পোজিয়ামে। সঙ্গে ছিল ১০টি করপোরেট হাউস এবং অর্ধশত ইন্ডাস্ট্রির অংশগ্রহণ। দেশে ফেরার পর কথা হলো বুয়েটের অংশগ্রহণকারীদের সঙ্গে। বেশ কয়েকটি প্রতিযোগিতার মধ্যে চারটিতে অংশ নিয়েছিলেন বুয়েটের শিক্ষার্থীরা। সব ক'টিতেই এসেছে সাফল্য। একটি চ্যালেঞ্জের নাম, [illegible]। অংশ নেওয়া দলটির সদস্যরা হলেন [illegible] হোসেন, সৈয়দ তারিক-উল ইসলাম, আবদুল্লাহ আল মাসুদ ও প্রমা প্রদীপ্তি। জিহান জানালেন, 'কৃত্রিমভাবে তৈরি ঝর্ণা বা ফোয়ারার পানি যখন কোনো পাম্পের মাধ্যমে জোরে ছুড়ে দেওয়া হয়, তখন পানির প্রবাহকে কতটা দৃষ্টিনন্দন করা যায়, তা-ই ছিল এই প্রতিযোগিতার শর্ত।' ৪৫টি দলের মধ্য তৃতীয় স্থান পেয়েছে বুয়েট।

আরেকটি প্রতিযোগিতার নাম কেম-ই-কার! শর্ত হলো নিজেদের তৈরি ব্যাটারি দিয়ে চালাতে হবে পরিবেশবান্ধব গাড়ি। নির্দিষ্ট দূরত্বের পর সেই গাড়ি থামাতেও হবে রসায়নের জটিল বিক্রিয়ার মাধ্যমে। তা-ও কোনো ধরনের ইলেকট্রনিক ডিভাইসের সাহায্য ছাড়াই! নাফিসা জানালেন, 'অনলাইনে নিজেদের গাড়ির বর্ণনা লিখে ৮০টির বেশি দল আবেদন করেছিল।

সেখান থেকে চূড়ান্ত পর্বে সুযোগ পাওয়া ৩০টি দলের মধ্যে আমরা তৃতীয় হয়েছি।' 'কেম-ই-টাইমার' প্রতিযোগিতায় দ্বিতীয় স্থান পেয়েছে তাসনিম আহমাদুল্লাহ, সৈয়দ তারিক-উল ইসলাম, আতিকুর রহমান ও তাসনিম তারান্নুম অনুর দল। এখানে ছিল রসায়নের কঠিন সব ধাঁধা। এ ছাড়া ছিল কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে অনলাইন কুইজ প্রতিযোগিতা 'কিউ-ভিজ-ইট'। সেখানে পুরস্কৃত সেরা পাঁচের মধ্যে বুয়েটের জিহান চতুর্থ এবং তারিক পঞ্চম স্থান দখল করে নেন। জিহান বলেন, 'প্রতিযোগিতায় আমাদের প্রথম ৪০ জনকে নামকরা কেমিক্যাল ইন্ডাস্ট্রি বিএএসএফের ভারত অঞ্চলের মাদারপ্ল্যান্টে ভিজিট করার সুযোগ দেওয়া হয়েছে। এটা অনেক বড় পাওয়া।' স্বপ্নের মতোই কেটেছে এই তরুণদের মুম্বাই ভ্রমণ। প্রথমবার অংশ নিয়েই অ্যাজিওট্রপিতে এত পুরস্কার বুয়েটের ঝুলিতে!

তাই আয়োজকরা বুয়েটকে দিয়েছে সেরা বিশ্ববিদ্যালয়ের সম্মাননা। দলের চার সদস্য সৈয়দ তারিক-উল ইসলাম রিফাত, সৈয়দ জিহান হোসেন, আতিকুর রহমান এবং আবদুল্লাহ আল মাসুদ ৮-৯ এপ্রিল মালয়েশিয়ার ইউনিভার্সিটি টেকনোলজি মালয়েশিয়ার কেমি-ই-কার প্রতিযোগিতার জন্য নির্বাচিত হয়েছেন। ■